# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৮০৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতের নিয়ম-কানুন

### আরবী

وَعَنْ قَبِيصَةَ بْنِ هُلْبٍ عَنْ أَبِيهِ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَؤُمُّنَا فَيَأْخُذُ شِمَالَهُ بِيَمِينِه. رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَه

### বাংলা

৮০৩-[১৪] ক্ববীসাহ্ ইবনু হুলব (রহঃ) হতে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের ইমামতি করতেন। তিনি (দাঁড়ানো অবস্থায়) বাম হাতকে ডান হাত দিয়ে ধরতেন। (তিরমিযী ও ইবনু মাজাহ্)[1]

### ফুটনোট

[1] হাসান সহীহ : তিরমিযী ২৫২, ইবনু মাজাহ্ ৮০৯।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু’ হাতকে তার সিনার উপর রাখতেন। রিওয়ায়াতে আছে, আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছি তিনি দু’হাতকে সিনার উপর রাখতেন।

ইবনু হুলব (রাঃ) বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখলাম তিনি তাঁর হাতকে তাঁর সিনার উপর রাখলেন এবং বাম হাতকে ডান হাত দ্বারা ধরলেন।

তাউস থেকে বর্ণিত, তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর নিজ ডান হাত বাম হাতের উপর রাখলেন। তারপর সিনার উপর উভয় হাত বাঁধলেন এমতাবস্থায় যে, তখন তিনি সালাতরত। এ হাদীস সকলের নিকট দলীল স্বরূপ।

মোটকথা হাত রাখা সুন্নাত। হাত ছাড়া সুন্নাত নয়। রাখার স্থান প্রমাণিত সিনা হলো। অন্য স্থানে রাখার কোন বিধান নেই। যারা দাবী করে এক হাতের তালু অন্য হাতের তালুর উপর সালাতের মধ্যে নাভীর নিচে বাঁধবে।

এটা সর্বসম্মতভাবে য‘ঈফ হাদীস।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55362

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন